বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৩৭.০০১.২০.৫০

তারিখ: ৭ চৈত্র ১৪২৮
২১ মার্চ ২০২২

বিষয়: **মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্ষা মৌসুমের পূর্বেই চারাসংগ্রহসহ বৃক্ষরোপনের স্থান নির্বাচন ও যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুত সংক্রান্ত।**

সূত্র: ১) পানি সম্পদ মন্ত্রণালয়, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.১৫০, তারিখঃ ১৩.০৩.২০২২খ্রিঃ।
২) পানি সম্পদ মন্ত্রণালয়, পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা-১ এর স্মারক নং- ৪২.০০.০০০০.০৫১.৯৯.০০১.১৯-৮৯, তারিখঃ ১৬.০৩.২০২২খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ স্মারক সমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১নং স্মারকে গত ০৩ মার্চ, ২০২২ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাওয়া গিয়াছে। প্রাপ্ত কার্যবিবরণীর ক্রমিক নং-৫ এর (গ) অংশে বর্ষা মৌসুমের পূর্বেই চারাসংগ্রহসহ বৃক্ষরোপনের স্থান নির্বাচন ও যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় (সংযুক্তি-১)। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে সূত্রস্থ ২নং স্মারকে দেশব্যাপী বাঁধের ঢাল, খালের পাড় ও বাপাউবো এর নিজস্ব জায়গায় বৃক্ষরোপন কর্মসূচী গ্রহণ করতে হবে এবং বর্ষা মৌসুমের পূর্বেই চারাসংগ্রহসহ স্থান নির্বাচন ও যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুতের সার্বিক অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে (সংযুক্তি-২)। বাপাউবো’র বাঁধ ও অন্যান্য স্থানে বৃক্ষরোপনের বিষয়ে প্রধান প্রকৌশলী, ডিজাইন এর দপ্তর স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০, তারিখঃ ২৮.০২.২০২২খ্রিঃ জারীকৃত সার্কুলার অনুসরণ করতে হবে (সংযুক্তি-৩)।

এমতাবস্থায়, সূত্রস্থ ২নং স্মারকে পানি সম্পদ মন্ত্রণালয় প্রেরিত পত্রের আলোকে প্রতি মাসের ২০ (বিশ) তারিখের মধ্যে বৃক্ষরোপনের সার্বিক প্রস্তুতি সম্পর্কে অত্র দপ্তরে নিম্নোক্ত ছক অনুসারে প্রতিবেদন প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| পওর বিভাগের নাম | বৃক্ষরোপনের জন্য পরিকল্পনাধীন চারার সংখ্যা | প্রাক্কলন প্রস্তুতকরণের অগগ্রতি | বৃক্ষরোপনের জন্য চারা সংগ্রহের অগগ্রতি | সার্বিক মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| | মোট চারা- টি<br>ফলজ- টি<br>বনজ- টি<br>ঔষধি- টি<br>অন্যান্য- | | | |

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।
সংযুক্তিঃ বর্ণনামতে।

২১-৩-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো, রাজশাহী/রংপুর/ফরিদপুর/
বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৩৭.০০১.২০.৫০/১(১১)

তারিখ: ৭ চৈত্র ১৪২৮
২১ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫) নির্বাহী প্রকৌশলী (বাপাউবো'র মাঠপর্যায়ের সকল দপ্তর), বাপাউবো,..............

২১-৩-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)